



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-০৮/০৩/২০২২খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের মাসিক অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত



অদ্য ০৮ মার্চ, ২০২২ খ্রিঃ মঙ্গলবার দুপুর ১২.০০ ঘটিকায় পুলিশ কমিশনারের কার্যালয়, আরপিএমপির সম্মেলন কক্ষে রংপুর মেট্রোপলিটন পুলিশের ফেব্রুয়ারী/২০২২ খ্রিঃ মাসের মাসিক অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় সভাপতিত্ব করেন রংপুর মেট্রোপলিটন পুলিশের মাননীয় পুলিশ কমিশনার জনাব মোহাঃ আবদুল আলীম মাহমুদ বিপিএম মহোদয়।

এসময় পুলিশ কমিশনার মহোদয় ফেব্রুয়ারী/২০২২ খ্রিঃ মাসে রংপুর মহানগরী এলাকায় সংঘটিত বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ড এবং এ সংক্রান্তে রংপুর মেট্রোপলিটন পুলিশের গৃহীত পদক্ষেপসমূহ পর্যালোচনাপূর্বক অপরাধ নিয়ন্ত্রণ ও আইন-শৃঙ্খলা রক্ষায় বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন।

এছাড়াও রংপুর মহানগরীর আইন-শৃঙ্খলা রক্ষা, জননিরাপত্তা বিধানসহ ভালো কাজের স্বীকৃতি হিসেবে আরপিএমপির বিভিন্ন পর্যায়ে শ্রেষ্ঠত্ব অর্জনকারী পুলিশ সদস্যদের ক্রেস্ট, সার্টিফিকেট এবং অর্থ পুরস্কার প্রদান করেন।

ফেব্রুয়ারী/২০২২ খ্রিঃ মাসে অপরাধ নিয়ন্ত্রণ ও আইন শৃঙ্খলা রক্ষায় কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ-
আরপিএমপির ক্রাইম বিভাগের মধ্যে,

শ্রেষ্ঠ এসআই হিসেবে পুরস্কৃত হয়েছেন এসআই (নিঃ)/ মোঃ মেহেরুল ইসলাম, কোতয়ালী থানা।

শ্রেষ্ঠ এএসআই হিসেবে পুরস্কৃত হয়েছেন এএসআই (নিঃ)/ মোঃ মাছুম রানা, কোতয়ালী থানা।

আরপিএমপির গোয়েন্দা বিভাগের মধ্যে,

শ্রেষ্ঠ এসআই হিসেবে পুরস্কৃত হয়েছেন এসআই (নিঃ)/ মোঃ আবু ছাইয়ুম তালুকদার।

আরপিএমপি ট্রাফিক বিভাগের মধ্যে,

শ্রেষ্ঠ সার্জেন্ট হিসেবে পুরস্কৃত হয়েছেন সার্জেন্ট/ মোঃ বায়েজীদ বোস্তামী, ট্রাফিক দক্ষিণ।

উক্ত সভায় আরোও উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ কমিশনারসহ সকল উপ-পুলিশ কমিশনারগণ, অতিঃ উপ-পুলিশ কমিশনারগণ, সহকারী পুলিশ কমিশনারগণ, সকল থানার অফিসার ইনচার্জগণসহ অন্যান্য অফিসারবন্দ।

০৮.০৩.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১